টিটন হত্যা মামলায় সুইডেন আসলামের পাঁচ দিনের রিমান্ড



ছবি: সংগৃহীত

রাজধানীর নিউমার্কেট এলাকায় খন্দকার নাঈম আহমেদ টিটন হত্যা মামলায় শীর্ষ সন্ত্রাসী সুইডেন আসলামকে পাঁচ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত।

সোমবার (২৩ নভেম্বর) বিকেলে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. ইসমাইল এ আদেশ দেন। মামলার তদন্ত কর্মকর্তা ডিবির উপপরিদর্শক ইরফান খান সাত দিনের রিমান্ড আবেদন করেছিলেন। শুনানিতে রাষ্ট্রপক্ষ অস্ত্র উদ্ধার ও জড়িতদের শনাক্ত করতে রিমান্ডের পক্ষে যুক্তি দেয়। আসামিপক্ষ রিমান্ড বাতিল করে জেলগেটে জিজ্ঞাসাবাদের আবেদন জানায়।

মামলার অভিযোগ অনুযায়ী, গত ২৮ এপ্রিল রাত ১১টার দিকে নিউমার্কেট থানার শাহনেওয়াজ হলের সামনে বটতলায় টিটনকে গুলি করা হয়। পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় পরদিন তাঁর বড় ভাই খন্দকার সাঈদ আক্তার রিপন অজ্ঞাত সাতজনকে আসামি করে হত্যা মামলা করেন।

মামলার এজাহারে বলা হয়, বছিলা গরুর হাটের ইজারার শিডিউল নিয়ে কয়েকজনের সঙ্গে বিরোধের কথা বড় ভাইকে জানিয়েছিলেন টিটন। এর মধ্যে এনামুল হাসান হেলাল ওরফে পিচ্চি হেলাল, বাদল ওরফে কিলার বাদল, শাহজাহান ও রনি ওরফে ভাঙারি রনির নাম উল্লেখ করা হয়েছে।

এর আগে বিদেশ যাওয়ার চেষ্টাকালে বিমানবন্দর থেকে সুইডেন আসলামকে গ্রেপ্তার করে পুলিশ।